

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২৭৬

আগরতলা, ২৩ মার্চ, ২০২৪

মাধ্যমিক পরীক্ষা শান্তিপূর্ণ

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের ২০২৪ সালের মাধ্যমিক (নতুন সিলেবাস) পরীক্ষার আজ ছিল অপশনাল সিক্স সাবজেক্ট (ল্যাঙ্গুয়েজ/ভোকেশনাল) ও মাদ্রাসা আলিম (নতুন সিলেবাস)-এর থিওলজি (তফসির এবং হাডিথ)। রাজ্যের মোট ৬৯টি মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রের সবকয়টি পরীক্ষাকেন্দ্রের অবস্থা শান্তিপূর্ণ ছিল। আজ নতুন সিলেবাসের মাধ্যমিক পরীক্ষার শেষ দিনে মাধ্যমিকের অপশনাল সিক্স সাবজেক্ট (ল্যাঙ্গুয়েজ/ভোকেশনাল) ও মাদ্রাসা আলিমের থিওলজি (তফসির এবং হাডিথ) পরীক্ষায় ৫,৯৪৮ জন পরীক্ষার্থী ছিল। তার মধ্যে ২,৪৫৫ জন ছাত্র ও ৩,৪৯৩ জন ছাত্রী। সারা রাজ্যে পরীক্ষায় বসেছিল ৫,৮৬০ জন পরীক্ষার্থী তার মধ্যে ২,৪২১ জন ছাত্র ও ৩,৪৩৯ জন ছাত্রী। অনুপস্থিতির সংখ্যা ৩৪ জন ছাত্র ও ৫৪ জন ছাত্রী। ছাত্রছাত্রীর উপস্থিতির হার ৯৮.৫২ শতাংশ। আগামী ২৬ মার্চ, ২০২৪ উচ্চতর মাধ্যমিক (নতুন সিলেবাস)-এর সোসিওলজি পরীক্ষা নেওয়া হবে। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
